গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২ মে, ২০২০
১৯ ই বৈশাখ, ১৪২৭
৮ ই রমজান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

তিনি বক্তব্যের শুরুতে আনন্দের সাথে স্বাস্থ্য অধিদপ্তরের জন্ম দিবস উপলক্ষ্যে সবাইকে অভিনন্দন জানান। তিনি জানান, ১৯৭১ সালের মহান মুক্তি যুদ্ধের সময় মুজিবনগর সরকার ২ মে স্বাস্থ্য অধিদপ্তর প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেন। এ অধিদপ্তরের প্রথম মহাপরিচালক হিসেবে বঙ্গবন্ধু পরিবারের চিকিৎসক ও ঘনিষ্ঠ সহচর ডাঃ টি হোসেন, এমবি, এফআরসিএস নিয়োগ পান। এটি বাংলাদেশ সরকারের প্রথম অধিদপ্তর। এ অধিদপ্তরের এক জন সদস্য হতে পেরে তিনি নিজেকে গর্বিত বলে জানান। এ গর্ব সকল চিকিৎসক, নার্স, টেকনোলজিষ্টসহ বর্তমানে অধিদপ্তরাধীন নিয়োজিত সকলের। তিনি আরও জানান জাতির জনক বঙ্গবন্ধুর তৈরী এ প্রতিষ্ঠান, যার ব্যপ্তিকাল তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধান মন্ত্রীর শেখ হাসিনার নেতৃত্বে ৫০ বছরে পদার্পন করল। ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে দেশের চিকৎসকগণ যেভাবে চিকিৎসা দিয়েছেন, স্বাধীনতার ৫০ বছরে এসে আজ অজানা শত্রু ভাইরাসের বিরুদ্ধে একইভাবে চিকিৎসকসহ অন্যান্য স্বাস্থ্য কর্মীরা চিকিৎসা প্রদান করে যাচ্ছেন। এর বিরুদ্ধে আমরা জয়ী হবো বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি সার্বক্ষনিকভাবে স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করে পাশে থাকার জন্য মাননীয় প্রধান মন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

এরপর তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৪ ঘন্টায় ৫৫২ জনসহ এ পর্যন্ত মোট ৮,৭৯০ জন কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন। গত ২৪ ঘন্টায় ০৫ জন মৃত্যুবরণ করেছেন, যাদের মধ্যে ৩ জন পুরুষ এবং ২ জন মহিলা। মৃত্যুবরণকারী ৫ জনই ঢাকার। বয়স বিশ্লেষণে মৃত্যুবরণকারীদের মধ্যে ষাটোর্ধ ১ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১ জন, ৪১-৫০ বছরের মধ্যে ২ জন এবং ৩১-৪০ বছরের মধ্যে ১ জন। এ পর্যন্ত মোট মৃত্যুবরণ করেছেন ১৭৫ জন। এ পর্যন্ত আক্রান্তের মধ্যে সর্বোচ্চে ঢাকা বিভাগ (৮৩.০৭%), এরপর যথাক্রমে চট্টগ্রামে (৪.৬%), খুলনায় (২.২০%), রংপুরে (১.৮০%), সিলেটে (১.৫%), ময়মনসিংহে (৩.৭%), বরিশালে (১.৬%) এবং রাজশাহীতে (১.৫%)।

তিনি দক্ষিণ-পূর্ব এশিয়া ও বৈশ্বিক কোভিড-১৯ পরিস্থিতিরও সর্বশেষ বর্ণনা দেন। পরিশেষে তিনি উল্লেখ করেন, কোভিড-১৯ প্রতিরোধের সবচেয়ে ভাল উপায় সামাজিক দুরত্ব বজায় রাখা, ২০ সেকেন্ড সময় ধরে সাবান পানি দিয়ে বার বার হাত ধোয়া এবং স্বাস্থ্য বিধি মেনে কাপড় বা টিসু দিয়ে হাঁচি-কাশি দেয়া, কারণ হাঁচি-কাশির মাধ্যমে সর্বোচ্চ এ রোগটি ছড়ায় তাই এ বিষয়ে সতর্ক থাকার জন্য সবাইকে বিনীত অনুরোধ করেন ।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু	
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত
৫,৮২৭	৭৬,০৬৬	৫৫২	৮,৭৯০	৫	১৭৭

নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান		কোভিড-১৯ পরীক্ষা		
		নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ)	সর্বমোট
ঢাকায়	১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	১৭৪	১৭৪	২০২৬
	২) বিএসএমএমইউ	১৮৭	১৮৭	৪৭১৩
	৩) চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন ও ঢাকা শিশু হাসপাতাল	৩২৫	৩২৫	৪৭৬০
	৪) ঢাকা মেডিকেল কলেজ	১৮৭	১৮৭	২৯৮৫
	৫) আইসিডিডিআরবি	৩৪৫	৩৪৫	৪৯৬২
	৬) আইদেশী	১৮৬	১৮৬	২৫৯১
	৭) এনপিএমএল - আইপিএইচ	৭১২	৫৬৪	৭৭৩৮
	৮) আইইডিসিআর	৬০৯	৬০৯	১২১৯০
	৯) ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার	১২২৫	১২২৫	৭০৪১
	১০) মুগদা মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	১৪৪৯
	১১) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট	৩৮	৩৮	৫১১
	১২) এভারকেয়ার হাসপাতাল ঢাকা	৩৮	৩৭	৮৪
	১৩) কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকা	১০	১০	১০
	১৪) জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান	০	০	৭২২
	১৫) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ	০	১৬	২২৩
ঢাকার ভিতরে মোট		**৪২২৪**	**৪০৯১**	**৫২০০৫**
ঢাকার বাইরে	১৬) ফরিদপুর মেডিকেল কলেজ	১৬১	১৬১	৩১৫৫
	১৭) বিআইটিআইডি	১০১	১০১	৫৩২
	১৮) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়	৩৪	৩৪	৭৯
	১৯) কুমিল্লা মেডিকেল কলেজ	৭৮	৭৮	১৩২৩
	২০) কক্সবাজার মেডিকেল কলেজ	২৮২	২৮২	৪০৪৮
	২১) ময়মনসিংহ মেডিকেল কলেজ	৫২	৫২	১৮৯৭
	২২) রাজশাহী মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	১১৯০
	২৩) শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া	১৬৫	১৮৮	৩২৬৪
	২৪) রংপুর মেডিকেল কলেজ	৯৪	৯৪	৫০২
	২৫) এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুর	১৯৮	১৬৭	২৪২৮
	২৬) সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ	২০৩	৯৪	১৯২৪
	২৭) খুলনা মেডিকেল কলেজ	০	০	৭৮৩
	২৮) যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	১৭৪	৯২	৫২৫
	২৯) কুষ্টিয়া মেডিকেল কলেজ	১১৩	৯৩	১৩৫৫
	৩০) শের-এ-বাংলা মেডিকেল কলেজ	৩৬	৩৬	৯৭৮

	৩১) গাজী কোভিড-১৯ পিসিআর ল্যাব, রুপগঞ্জ, নারায়াণগঞ্জ	৯০	৭৬	৭৮
ঢাকার বাইরে মোট		১,৯৬৯	১,৭৩৬	২৪,০৬১
সর্বমোট		৬,১৯৩	৫,৮২৭	৭৬,০৬৬

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (০২-০৫-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৮,৩৩,৪৯২	১৪,৩৪,৭২৮	৩,৯৮,৭৬৪

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (১ মে সকাল ৮:০০ থেকে ২ মে সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	১,২৮২	২,৪৪২	১,৮০,৭৭৫	১,১৭,২৬৭	৬৩,৫০৮
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	২৬১	৪০৮	৯,৬৬৮	২,৮৫০	৫,৫৮৬
সর্বমোট	১,৫৪৩	২,৮৫০	১,৯০,৪৪৩	১,২১,৩৪৯	৬৯,০৯৪

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে- ৬১৫ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে- ৩০,৯৫৫ জনকে।**

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (১ মে দুপুর ১২:০০ থেকে ২ মে দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
১৬৮	১,৬৩২

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫১,১৩২	২৭,৩১,৪৩২
৩৩৩	১৮,৪১৪	৯,২৪,০৩২
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	২,৭৬৯	১,৭৯,৯২৭
মোট ফোন কলের সংখ্যা	৭২,৩১৫	৩৮,৩৫,৩৯১

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (০২-০৫-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৪,০২৮।

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	২৫৫	৩,২৬,০৯৪
স্থলবন্দর সমূহ	৭৩	৩,২৮,৬৬০
সমুদ্রবন্দর সমূহ	১৩৩	১৫,৯২৮
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৪৬১	৬,৭৭,৭১১

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ
এ পর্যন্ত ২৬টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামূলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে। গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 102, 1 May)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	৩,০৬৭	৮৬	৫৭,০৮৮	২,১৭৪
সারা বিশ্ব	৮৪,৭৭১	৬,৪০৩	৩১,৭৫,২০৭	২,২৪,১৭২

02/05/2020
অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর